৩. দাকোপ উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর ১৮/০৫/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে ভোট প্রদান এবং ব্যবস্থাপনা কমিটির সভাপতি, সহ-সভাপতি ও সদস্য পদে প্রতিদ্বন্দিতা করার জন্য সদস্য সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সংশ্লিষ্ট প্রতিনিধিগণকে ক্ষমতা প্রদান করতে হবে। উক্ত ক্ষমতা প্রদান বিষয়ে ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্তের অনুলিপি এবং প্রতিনিধির পাসপোর্ট সাইজের ছবি সংশ্লিষ্ট সমিতির সভাপতি/সম্পাদক কর্তৃক সত্যায়িত হতে হবে এবং জেলা / উপজেলা সমবায় অফিসার কর্তৃক যাচাই পূর্বক প্রতি স্বাক্ষরিত হতে হবে।

৪. মনোনয়ন প্রত্রের সাথে মনোনয়নপত্র সংক্রান্ত সমিতির ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তে অনুলিপি, প্রতিনিধি পরিচয় পত্রের কপি, ০১(এক) কপি পাসপোট সাইজের ছবি (সভাপতি / সম্পাদক কর্তৃক সত্যায়িত ও জেলা বা উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত) জমা দিতে হইবে মনোনয়ন পত্র ক্রয়ের রশিদ সংযোজন এবং বয়স প্রমানের জন্য মনোনয়নের সাথে জাতীয় পরিচয় পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।

৫. মনোনয়ন পত্র বাছাইকালে সংশ্লিষ্ট সমিতি সমিতির জমা খরচ বহি, সভ্য তালিকার বহি, রেজুলেশন বহি, নির্বাচনী বহি ও বার্ষিক সাধারণ সভার কার্যাবিবরনী বহি সমূহ নির্বাচন কমিটির সভাপতির নিকট দাখিল করিতে হইবে।

৬. নির্বাচনে প্রতিদ্বন্দিতা করতে ইচ্ছুক সকল প্রার্থীকে সমবায় সমিতি আইন/০১ এর ১৯ ধারা এবং সমবায় সমিতি আইন (সংশোধিত) ২০০২ এর ১৮(৮) ধারা এবং সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ২৪ বিধি ও সমিতির উপ-আইন মোতাবেক যোগ্য হতে হবে।

৭. প্রার্থীকে অবশ্যই ২১ বছর বয়স হতে হবে ও ব্যবস্থাপনা কমিটির নির্বাচিত সদস্য একাধিক ক্রমে তিনটি মেয়াদ পূর্ন করেছেন এমন কোন সদস্য উক্ত মেয়াদের অব্যবহতি পরবর্তী একটি মেয়াদের নির্বাচনে প্রার্থী হবার যোগ্য হবেন না।

৮. ভোটাধিকার প্রয়োগের ক্ষেত্রে সমবায় সমিতি আইন/২০০১ এর ৩৭ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর ৮৮ (৩) বিধি অনুসরন করতে হবে।

৯. কেন্দ্রীয় সমিতির নির্বাচনে ভোটদাতা যে সমিতি প্রতিনিধিত্ব করবেন সে সমিতি কর্তৃক উক্ত ভোট দাতাকে ক্ষমতা প্রদান, ফরম-৮ মোতাবেক পরিচয় পত্র জেলা /উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

১০. উল্লেখিত নির্বাচনে পদ ও এলাকা নিম্নরুপঃ-

**১) সভাপতি - ০১ জন (সমগ্র নির্বাচনী এলাকা)**
**২) সহ-সভাপতি - ০১ জন (সমগ্র নির্বাচনী এলাকা)**
**৩) কার্যকরী সদস্য - ০৬ জন (ব্লক ভিত্তিক প্রতি ব্লকে ০১ জন করে)**

১১. প্রতীক সমূহঃ-

**(ক) সভাপতি পদের প্রতীক- চেয়ার, আনারস, দোয়াত কলম, মটর সাইকেল,গরুর গাড়ি।**
**(খ) সহ-সভাপতি পদের প্রতীক- মাছ, মই, চশমা, প্রজাপতি, মোবাইল, দেয়াল ঘড়ি।**
**(গ) সদস্য পদের প্রতীক- আম,জগ,টেবিল, ঘুড়ি, গোলাপ ফুল, মোরগ,বাঘ, হাঁস, কলস, সিলিং ফ্যান, হারিকেন, ডাব।**

প্রকাশ থাকে যে,উপরিল্লিখিত পদে প্রার্থীর সংখ্যা বেশী হলে নির্বাচন কমিটি প্রতীক বরাদ্দের সময়ে বর্ণিত প্রতীক ভিন্ন অন্য প্রতীক বরাদ্ধ করবেন।

১২. মনোনয়নপত্র বাছাই, প্রতীক বরাদ্দ ও অন্যান্য কর্মকান্ড চলাকালীন সময়ে প্রার্থী অথবা তাঁর প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন।

১৩. চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত সদস্য সমিতি ব্যতীত কেহ নির্বাচনে অংশগ্রহণ বা নির্বাচনে ভোট দিতে পারবে না।

১৪. মনোনয়ন পত্রের কোন ফটোকপি গ্রহন যোগ্য নয়।

১৫. মনোনয়ন পত্রে কোন ধরননের ঘষামাজা, কাটাকাটি ও ফ্লুইড ব্যবহার করা যাবে না কিংবা মিথ্যা তথ্য সম্বলিত এবং সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) সমবায় সমিতি বিধিমালা/২০০৪ অনুযায়ী সমিতির অযোগ্য প্রার্থীর মনোনয়ন পত্র বাতিল বলে গন্য হবে। এছাড়া দাকোপ উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর উপ-আইনে উল্লেখিত অন্যান্য যোগ্যতা পূরণ করতে হবে।

১৬. একই সমিতি/প্রতিনিধি একাধিক পদে কিংবা নিজ এলাকার বহিভূত নির্বাচনী এলাকা হতে ব্যবস্থাপনা কমিটির সদস্যপদে প্রতিদ্বন্দ্বীতা করতে পারবেন না।

১৭. কোন ঋণ খেলাপী সমিতির প্রতিনিধি নির্বাচনে অংশগ্রহন করতে পারবে না ও অবসায়নে ন্যাস্ত কিংবা সমবায় আইন ও বিধিমতে অযোগ্য কোন সমবায় সমিতির প্রতিনিধি নির্বাচনে অংশগ্রহন বা ভোট প্রদান করতে পারবে না।

**১৮. প্রত্যেক ভোটার প্রত্যেক শ্রেনীর পদের জন্য মাত্র একটি করে ভোট প্রদান করবেন।**

১৯. সদস্য সমিতির প্রতিনিধি ব্যাতিত কেহ নির্বাচনী এজেন্ট হতে পারবে না ।

২০. কোন প্রার্থী একাধিক পদে মনোনয়ন পত্র দাখিল করতে পারিবে না।

২১. ব্যালট পেপারে প্রার্থীগণের নামের অদ্যাক্ষর অনুসারে নাম সন্নিবেশিত হবে এক্ষেত্রে মূল নাম বিবেচ্য হবে।

২২. নির্বাচন সংক্রান্ত বিষয়ে কারও কোন জিজ্ঞাসা থাকলে বা জানার প্রয়োজন হলে নির্বাচন কমিটির সভাপতির নিকট থেকে জানা যাবে।

২৩. দাকোপ উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর সকল সদস্য সমিতিকে অত্র নির্বাচনী তফসীল ও সংশ্লিষ্ট কাগজপত্র সহ আগামী ২১/০৬/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে যথা নিয়মে প্রেরণ নিশ্চিত করার জন্য এবং সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর ১৪(৪) বিধি মোতাবেক প্রয়োজনয়ি ব্যবস্থা গ্রহনের জন্য কেন্দ্রীয় সমিতির ব্যবস্থাপনা কমিটিকে অনুরোধ করা হলো।

২৪. প্রত্যেক প্রতিদ্বন্ধী প্রার্থীকে সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত দিনের ৩৬ ঘন্টা পূর্বে নির্বাচনী কার্যক্রম সংক্রান্ত প্রচারনা অবশ্যই বন্ধ করতে হবে।

( লস্কর সাহাবুর রহমান)
সহকারী পরিদর্শক
সদস্য,
ব্যবস্থাপনা কমিটি নির্বাচন/২০২২
দাকোপ উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ

(বাসন্তী লতা বিশ্বাস)
সহকারী পল্লী উন্নয়ন অফিসার
ও
সদস্য,
ব্যবস্থাপনা কমিটি নির্বাচন/২০২২
দাকোপ উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ

(সরদার জাহিদুর রহমান)
উপজেলা সমবায় অফিসার (অতি:দা)
ও
সভাপতি
নির্বাচন কমিটি
ব্যবস্থাপনা কমিটি নির্বাচন/২০২২
দাকোপ উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ